



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বরিশাল মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র
সি এন্ড বি রোড, বরিশাল।
website: <http://bmttc.barisaldiv.gov.bd>

স্মারক নং: ৪৯.০১.০৬০০.০০৭.১৬.০০১.২১.৩৬৯৮

তারিখ: ১৩/১২/২০২১খ্রি:

নিয়োগ বিজ্ঞপ্তি (খন্ডকালীন)

দেশের বেকার যুব-মহিলাদের দক্ষ করার লক্ষ্যে বাংলাদেশ সরকারের অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নধীন SEIP প্রকল্পের আওতায় জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অধীনস্থ বরিশাল মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, সি এন্ড বি রোড বরিশাল এ পরিচালিত স্বল্প মেয়াদী (৩৬০ ঘন্টা) কোর্স সমূহে দৈনিক হাজিরার ভিত্তিতে নিম্ন লিখিত পদে সম্পূর্ণ অস্থায়ীভাবে অতিথি প্রশিক্ষক ও জব প্রেসমেন্ট অফিসার পদে নিয়োগের লক্ষ্যে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন
০১	অতিথি প্রশিক্ষক (আইটি সাপোর্ট সার্ভিস)	০১(এক)	সংশ্লিষ্ট বিষয়ে বি.এস.সি ইঞ্জিনিয়ারিং অথবা ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন অথবা শিল্প কারখানায় দক্ষ কারিগরি জ্ঞান সম্পন্নদের ক্ষেত্রে ১০(দশ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন।	প্রকল্পের নিয়ম অনুযায়ী প্রতি কর্ম দিবসে ১২০০(এক হাজার দুইশত) টাকা হারে মাসিক কার্য দিবস ২৩ দিন সর্বমোট =২৭,৬০০টাকা
০২	অতিথি প্রশিক্ষক (সুইং মেশিন অপারেশন)	০১(এক)	শিল্প কারখানায় দক্ষ কারিগরি জ্ঞান সম্পন্নদের ক্ষেত্রে ১০(দশ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন।	১০% উৎসকর কর্তন করা হবে।
০৩	অতিথি প্রশিক্ষক (Auto CAD 2D & 3D)	০১(এক)	NTVQF এর আওতায় NSC Level সনদ প্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হবে।	
০৪	জব প্রেসমেন্ট অফিসার	০১(এক)	যে কোন বিষয়ের উপর মাস্টার্স পাশসহ সংশ্লিষ্ট কাজের ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন অথবা বি.এস.সি ইঞ্জিনিয়ারিংসহ ০৫(পাঁচ)বছরের অভিজ্ঞতা সম্পন্ন	প্রকল্পের নিয়ম অনুযায়ী প্রতি কর্ম দিবসে ১৫০০(এক হাজার পাঁচ শত) টাকা হারে মাসিক কার্য দিবস ২৩ দিন সর্বমোট =৩৪, ৫০০টাকা ১০% উৎসকর কর্তন করা হবে।

আবেদনের শর্তাবলী:

- আগ্রহী প্রার্থীদের স্ব-হস্তে লিখিত দরখাস্ত জীবন বৃত্তান্তসহ, সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রসিদ ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত অনুলিপি, চারিত্রিক সনদপত্র, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপিসহ অধ্যক্ষ, বরিশাল মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, সিএন্ড বি রোড বরিশাল বরাবর ২৬/১২/২০২১ খ্রি: তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।
- প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে।
- মুক্তিযোদ্ধার সন্তান ও নাতি-নাতনিদের ক্ষেত্রে সরকার কর্তৃক ঘোষিত নির্দেশনা অনুসরণ করা হবে।
- লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান মোবাইল ফোনের মাধ্যমে জানানো হবে।
- লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল যোগ্য।
- নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ দৈনিক ভিত্তিতে(খন্ডকালীন) এবং যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ আদেশ সংশোধন, স্থগিত এবং বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- খামের উপর অবশ্যই পদের নাম, নিজ জেলা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- কোন প্রকার তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।


(আহমেদ আল ইমরান)

ভারপ্রাপ্ত অধ্যক্ষ
বরিশাল মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র
ফোন: ০২- ৪৭৮৮৬১৪৭৬
E-mail: bmttcbarishal@gmail.com